



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

www.dshe.gov.bd


স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৭.৯৯.১৬৫.২০১৯-৩০৬৯

তারিখ: ৩১/০৭/২০১৯ খ্রি:

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানের সময়সূচি নির্ধারণ।

লক্ষ করা যাচ্ছে যে, সারা দেশের মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানগুলো শুরু এবং শেষ হওয়ার সুনির্দিষ্ট সময়সূচি থাকা সত্ত্বেও কিছু কিছু প্রতিষ্ঠান সেই সময়সূচি অনুসরণ না করে নিজেদের মতো করে সময়সূচি নির্ধারণ করে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করছেন। এতে করে একদিকে শিখন-শেখানো কার্যক্রম সুষ্ঠুভাবে নির্বাহ হচ্ছে না অন্যদিকে প্রতিষ্ঠানগুলো মনিটরিং-এ স্থানীয় প্রশাসন থেকে শুরু করে কেন্দ্রীয় প্রশাসন পর্যন্ত অসুবিধার সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট আঞ্চলিক উপপরিচালকগণ তাঁর আওতাধীন সকল জেলা শিক্ষা অফিসার ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে সভা করবেন। নির্ধারিত সময়সীমা বাস্তবায়নের ক্ষেত্রে সমস্যা থাকলে তা খতিয়ে দেখবেন এবং তার সমাধানের চেষ্টা করবেন। নিতান্ত প্রয়োজন হলে শিখন-শেখানোর মোট সময় ঠিক রেখে তাঁর অঞ্চলের জন্য এক বা প্রয়োজনে একাধিক সময়সূচির প্রস্তাবনা প্রস্তুতপূর্বক আগামী ১৫(পনের) কর্মদিবসের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


৩০.০৭.১৯
(প্রফেসর ড. মোঃ আবিদুল মান্নান)
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ৯৫৫৪৫৬৫

উপ-পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ০৩। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৪। জেলা শিক্ষা অফিসার, (সকল)।
- ০৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
- ০৬। সভাপতি,
- ০৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....
- ০৮। পিএটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৯। সংরক্ষণ নথি।